

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সিংগাইর, মানিকগঞ্জ।

স্মারক নং-০৫.৩০.৫৬৮২.০০০.৩৯.২৪-২১৮০

তাং- ১৬/০২/২০২৪ খ্রি:

প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা মানিকগঞ্জ জেলাধীন সিংগাইর উপজেলার সকল প্রকার কাঠ ব্যবসায়ী/জনসাধারণকে জানানো যাচ্ছে যে, সিংগাইর উপজেলার বাইমাইল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণ স্থলে ১ (এক)টি রেন্ডি কড়ই গাছ, ভূমদক্ষিণ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশরুম নির্মাণ স্থলে ৩ (তিন) টি মেহগণি গাছ, নবগ্রাম সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণ স্থলে বিভিন্ন প্রজাতির ১৪ (চৌদ্দ)টি গাছ, ধল্লা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সীমান প্রাচীর নির্মাণ স্থলে ২৪ (চব্বিশ)টি মেহগণি গাছ, কামুড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণ স্থলে ৩ (তিন)টি মেহগণি গাছ, ধল্লা ইউনিয়ন কাউন্সিল উচ্চ বিদ্যালয়ে শহীদ মিনার নির্মাণ স্থলে ৪ (চার)টি মেহগণি গাছ সর্বমোট ৪৬(ছেচল্লিশ)টি বিভিন্ন প্রজাতির গাছ প্রকাশ্য নিলামে ২৭/০২/২০২৪ ইং তারিখে বিকাল ৩.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসার সিংগাইর মানিকগঞ্জ মহোদয়ের কার্যালয়ে প্রকাশ্য নিলামে বিক্রি করা হবে। আগ্রহী ক্রেতাদেরকে নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থেকে প্রকাশ্য নিলামে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

নিলাম ডাকে অংশ গ্রহণের শর্তাবলী:

০১. নির্ধারিত তারিখ ও সময়ের পরে কেহ অংশগ্রহণ করতে পারবে না।
০২. কৃতকার্য দরদাতাকে নিলাম ডাকের ৩ দিনের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করতে হবে।
০৩. প্রকাশ্য অংশগ্রহণ কারীকে নগদ ১০০০ টাকা বিট মানি (ফেরত যোগ্য) এবং জাতীয় পরিচয়পত্রের ফটোকপি উপজেলা শিক্ষা অফিসার সিংগাইর মানিকগঞ্জ এর নিকট জমা প্রদান করতে হবে।
০৪. বিক্রিত গাছের প্রচলিত নিয়ম অনুসারে নিলাম ডাকের অর্থের সহিত সর্বোচ্চ ডাকের উপরে ৫% আয়কর এবং ১৫% ভ্যাট নিলাম গ্রহণ কারীকে পরিশোধ করতে হবে।
০৫. সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ প্রাপ্তির পর ০৩ দিনের মধ্যে গাছ অপসারণ করতে হবে এবং ঠিকাদার নিজ দায়িত্বে গর্ত ভরাট করতে বাধ্য থাকবে।
০৬. সর্বোচ্চ ডাক গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
০৭. কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(পলাশ কুমার বসু)
উপজেলা নির্বাহী অফিসার

ও
সভাপতি

উপজেলা প্রকাশ্য নিলাম কমিটি
সিংগাইর, মানিকগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো:

- ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, সিংগাইর মানিকগঞ্জ।
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মানিকগঞ্জ।
- ৩। উপজেলা কর্মকর্তা, সিংগাইর, মানিকগঞ্জ।
- ৪। সিংগাইর, মানিকগঞ্জ।
- ৫। নোটিশ বোর্ড উপজেলা পরিষদ সিংগাইর, মানিকগঞ্জ।

১৬/০২/২৪

১৪.২.২০২৪
(উপজেলা শিক্ষা অফিসার)

ও

সদস্য সচিব

উপজেলা প্রকাশ্য নিলাম কমিটি
সিংগাইর, মানিকগঞ্জ।

১৬/০২/২৪